

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- NBR/IT/AWIP/MISC-4/14

১৫০৮(১-২৪)

তারিখ : ১৪/০১/২০১৫

আদেশ

বিষয়ঃ- ASYCUDA World System এর আওতায় e-LC ও e-EXP অটোমেশন প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এর আওতাধীন শুদ্ধ ভবন ও শুদ্ধ স্টেশন সমূহে ASYCUDA World System চালুর মাধ্যমে অটোমেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত অটোমেশন কার্যক্রমের ধারাবাহিকতায় ইলেক্ট্রনিক ডাটা আদান প্রদানের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক ইস্যুকৃত LC ও EXP এর ডাটা বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরাসরি ASYCUDA World System এ প্রতিদিন আপলোড করা হচ্ছে। এমতাবস্থায়, আগামী ২৫/০১/২০১৫ খ্রিঃ তারিখ হতে ASYCUDA World System এর আওতায় e-LC ও আগামী ০১/০২/২০১৫ খ্রিঃ তারিখ হতে e-EXP এর অটোমেশন কার্যক্রম পূর্ণাঙ্গরূপে শুরু করা হবে।

০২। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃক আপলোডকৃত LC এর তথ্যের সাথে দাখিলকৃত বিল অব এন্ট্রির তথ্যের সামঞ্জস্যতা বিধানপূর্বক বিল অব এন্ট্রি প্রক্রিয়াকরণের লক্ষ্যে ইলেক্ট্রনিক বিল অব এন্ট্রির ২৮ নম্বর বক্সের LC No কলামে ১৬ ডিজিটের LC এর তথ্য প্রদান করতে হবে। ১৬ ডিজিটের LC এর তথ্য প্রদান ব্যতিরেকে কোন বিল অব এন্ট্রি প্রসেস করা যাবে না। যে সকল ক্ষেত্রে LC No প্রযোজ্য হবে না, সে সকল ক্ষেত্রে ২৮ নম্বর বক্সের LC No কলামে কোন তথ্য প্রদান না করে সম্পূর্ণ খালি রেখে বিল অব এন্ট্রির ৪৪ নম্বর বক্সের CRF/EXP No এর কলামে ডাইরেক্ট পার্চেজ নাম্বার, সেলস কন্ট্রোল নম্বর, বেপজার পারমিট ইত্যাদির তথ্য [যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য] প্রদান করতে হবে।

০৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃক আপলোডকৃত EXP এর তথ্যের সাথে দাখিলকৃত বিল অব এক্সপোর্টের তথ্যের সামঞ্জস্যতা বিধানপূর্বক বিল অব এক্সপোর্ট প্রক্রিয়াকরণের লক্ষ্যে ইলেক্ট্রনিক বিল অব এক্সপোর্টের ৪৪ নম্বর বক্সের CRF/EXP No এর কলামে ৬ ডিজিটের EXP নম্বর ও পূর্ববর্তী কলামে তারিখ প্রদান করতে হবে। ৬ ডিজিটের EXP এর তথ্য ও তারিখ প্রদান ব্যতিরেকে কোন বিল অব এক্সপোর্ট প্রসেস করা যাবে না। উল্লেখ্য, সকল ধরনের রপ্তানির ক্ষেত্রে ৬ ডিজিটের EXP এর তথ্য ও তারিখ বাধ্যতামূলক।

০৪। এ আদেশ প্রতিপালনে শুদ্ধ ভবন এবং শুদ্ধ স্টেশন সমূহ প্রয়োজনে বিস্তারিত কার্যপদ্ধতি উল্লেখ করে একটি অভ্যন্তরীণ আদেশ জারি করতে পারে। সহানুভূতিভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করে বিষয়টি সংশ্লিষ্টদের বুঝিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে কোন কারিগরি সহযোগিতার প্রয়োজন হলে এ্যাসাইকুডা টিমের সহযোগিতা নেয়া যেতে পারে।

মোঃ ফরিদ উদ্দিন

সদস্য [শুদ্ধ : নীতি, পরিসংখ্যান ও গবেষণা]

এবং

প্রকল্প পরিচালক

ASYCUDA World Implementation Project

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং- NBR/IT/AWIP/MISC-4/14

তারিখ : ১৪/০১/২০১৫

(ক) সদস্য অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৩। প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রিজ, ফেডারেশন ভবন, ঢাকা।
- ৪। প্রেসিডেন্ট, ঢাকা চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রিজ, ঢাকা।
- ৫। প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রিজ, চট্টগ্রাম।
- ৬। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন, কাওরান বাজার, সোনারগাঁও রোড, ঢাকা।
- ৭। সভাপতি, বিকিএমইএ, প্রানারস টাওয়ার ১৩/এ। সোনারগাঁও রোড, বাংলা মোটর, ঢাকা।
- ৮। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

(খ) সদস্য অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। কমিশনার, শুদ্ধ মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, গুলফেশা প্লাজা, ৬৯, মগবাজার, ঢাকা।